

২০২২

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-10

(বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করা বাঞ্ছনীয়।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) ‘ভারততীর্থ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় কী নামে প্রকাশিত হয়েছিল?
- খ) ‘তোমার খ্যাতিতে তারা পায় যেন আপনার খ্যাতি’ — কাদের খ্যাতির কথা বলা হয়েছে? কারা খ্যাতি পাবে?
- গ) ‘নারী’ কবিতাটিতে নজরুলের রোমান্টিক ভাবনার পরিচয়কে দুটি পংক্তিতে উদ্ধৃত করো।

- ঘ) ‘তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা’— কবিতায় রিকশাওয়ালার নাম কী? তার শারীরিক অবস্থার পরিচয় দাও।
- ঙ) ‘আমার নাম ভারতবর্ষ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি কটি স্তবকে রচিত?
- চ) ‘আকাশের লালা ঝরে বাতাসের আশ্রয়ে আশ্রয়ে’ —চিত্রকল্পটির মর্মার্থ ব্যক্ত করো।
- ছ) ‘সংসারে সন্ন্যাসী লোকটা’-র অসুখ কী? লোকটা কী পাগল?
- জ) ‘হাঁড়ি চাচা’ কী? ‘পোড়া বার্তাকু’ কাকে বলে?
- ঝ) ‘প্রার্থনা’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?
- ঞ) ‘ঐ গঙ্গায় ডুবিয়েছে হয় ভারতের দিবাকর’—এখানে ‘ভারতের দিবাকর’ বলতে কী বোঝানো হয়েছে?
- ট) ‘সাম্যবাদী’ কবিতাটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়? এই কবিতায় কোন্ বিপ্লবের ইঙ্গিত রয়েছে?
- ঠ) ‘জীবনবন্দনা’ কবিতায় শ্রমিক শ্রেণীর গৌরব কীভাবে প্রকাশিত হয়েছে?
- ড) ‘শুভক্ষণ’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ঢ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতাটি কটি স্তবকে রচিত? এটি কোন্ ছন্দে লেখা?

গ) 'এ যে বড় বিস্ময়'-কার লেখা কোন্ কবিতার অংশ?  
বিস্ময় জাগার কারণ কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

ক) 'হে মোর চিত্ত, পূণ্য তীর্থ জাগোরে ধীরে'— এখানে ভারতভূমিকে 'পূণ্যতীর্থ' বলা হয়েছে কেন?

খ) 'একটি নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে'— কীভাবে নতুন পৃথিবীর জন্ম হতে চলেছে?

গ) জীবনের বেগ ও উল্লাসে মানবসভ্যতার অগ্রগতির যে ইতিহাস রচনা চলছে তারই জয়গান কবি 'জীবনবন্দনা' কবিতায় কীভাবে গেয়েছেন তা বুঝিয়ে দাও।

ঘ) 'তবু যে দুঃখ তারি বড় নয়'—অংশটির তাৎপর্যটি বিশ্লেষণ করো।

ঙ) 'পরোয়া করি না বাঁচি কী না বাঁচি যুগের হুজুগ কেটে গেলে'— কবির এই ঘোষণায় তাঁর কবি স্বভাবের যে পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে লেখো।

চ) 'নিত্য যেথা/তুমি কর্ম চিন্তা আনন্দের নেতা— এ কথা কে কাকে বলেছেন? কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) দৈনন্দিন চাওয়া পাওয়ার বাইরের যে অপ্রত্যাশাজনিত অতৃপ্তি মানুষকে মৃত্যুর পথে ঠেলে দেয় তা 'আট বছর আগের একদিন' কবিতা অবলম্বনে লেখো।

খ) ব্যক্তিজীবনের প্রেমকে কীভাবে সর্বজনীন প্রেমে রূপান্তরিত করা যায় তার উদাহরণ 'ফিরে এসো চাকা' কবিতাটি— আলোচনা করো।

গ) 'শুভক্ষণ' কবিতায় কবির কল্পনা সৌন্দর্যবোধ কীভাবে স্ফুরিত হয়েছে তা বুঝিয়ে দাও।

ঘ) কাজী নজরুল ইসলামের পঠিত কবিতা অবলম্বনে 'সাম্য'-এর ধারণাটি ব্যক্ত করো।

-----